

# 13th round of India-China Corps Commander Level Meeting

October 11, 2021

## ভারত-চিন সেনা কমান্ডার স্তরের ত্রয়োদশ তম দফার বৈঠক অক্টোবর 11,2021

10 ই অক্টোবর 2021 তারিখে চুনসুল-মন্ডো সীমান্ত সংযোগ স্থলে ভারত-চিন সেনা কমান্ডার স্তরের ত্রয়োদশ তম দফার বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠক চলাকালীন উভয় পক্ষ পূর্ব লাদাখের প্রকৃত সীমান্ত রেখা বরাবর বকেয়া বিষয়গুলির সমাধানের আলোচনার প্রতি দৃষ্টি নিবদ্ধ রেখেছিলেন। ভারতের তরফ থেকে উল্লেখ করা হয়েছে যে, দ্বিপাক্ষিক চুক্তি লঙ্ঘন করে একতরফাভাবে চিনের পক্ষ থেকে স্থিতাবস্থাকে বিঘ্নিত করার কারণে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর এই পরিস্থিতি তৈরি হয়েছে। তাই এর জন্য প্রয়োজন ছিল পশ্চিম ক্ষেত্রে এলএসি বরাবর বাকি অঞ্চলে শান্তি ও সুস্থিতি বজায় রাখার জন্য চিনের তরফ থেকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা। এটি দুশানবে তে দুই বিদেশমন্ত্রীর সাম্প্রতিক বৈঠকে প্রদত্ত নির্দেশিকা অনুযায়ী হওয়ার দরকার ছিল যেখানে তারা সহমত হয়েছিলেন যে, দুই পক্ষর উচিত হবে যতদ্রুত সম্ভব বকেয়া বিষয়গুলির সমাধান করা। ভারতের তরফ থেকে জোর দিয়ে বলা হয়েছে যে, বাকি অঞ্চলের জন্য এই ধরনের মীমাংসা দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতিকে সুবিধাপ্রদান করবে। বৈঠক চলাকালীন, ভারতীয় পক্ষ বাকি অঞ্চলের সমাধানে জন্য গঠনমূলক পরামর্শ দিয়েছে কিন্তু চিনা পক্ষ তাতে রাজি নয় এবং কোনও দূরদর্শী প্রস্তাবও দিতে পারে নি। তাই বাকি এলাকার সমাধানের ক্ষেত্রে বৈঠকটি বিফল হয়েছে।

দুই তরফ যোগাযোগ বজায় রাখার ক্ষেত্রে এবং স্থলভাগে স্থায়ী অবস্থা বজায় রাখতেও সহমত হয়েছে। আমাদের আশা যে, চিনা পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক পরিপ্রেক্ষিতকে বিবেচনার মধ্যে রাখবে এবং দ্বিপাক্ষিক চুক্তি ও প্রোটোকলকে সম্পূর্ণ রূপে মেনে চলে বকেয়া বিষয়গুলি দ্রুত সমাধানের লক্ষ্যে কাজ করবে।

নিউ দিল্লি

অক্টোবর 11,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.